

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.৭৬৪

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯


০৩ আগস্ট ২০২২

পরিপত্র

বিষয়: যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্র/আবেদন প্রেরণ

অত্র দপ্তরের ২০/১২/২০১৭ তারিখের ১৩.০১.০০০০.০৩১.০৮.০১.৯৬.২৩৭৫ নং স্মারকে খাদ্য অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল সংস্থাপনা হতে খাদ্য অধিদপ্তরে প্রেরিত সকল চিঠি-পত্র/সকল ধরনের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অগ্রগামী করা এবং বদলির আবেদন প্রেরণ করার ক্ষেত্রে আবেদনকারীর চাকরি বিবরণীসহ প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, উল্লিখিত নির্দেশ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না; যা সুস্পষ্টত সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য।

এমতাবস্থায়, উক্ত পত্রের অনুবৃত্তিক্রমে খাদ্য অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল সংস্থাপনা হতে খাদ্য অধিদপ্তরে প্রেরিতব্য সকল চিঠি-পত্র/সকল ধরনের আবেদন অগ্রগামী করার ক্ষেত্রে আবশ্যিকভাবে (বদলির আবেদনের সাথে আবেদনকারীর চাকরি বিবরণীসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক(গ্রেড-১) বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।



৩-৮-২০২২

মামুন আল মোর্শেদ চৌধুরী

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

বিতরণ:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তর
- ৪) আইন উপদেষ্টা (অতিরিক্ত দায়িত্ব), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৫) প্রধান মিলার, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ৭) অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৮) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৯) সাইলো অধীক্ষক নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো, বি-বাড়ীয়া/সান্তাহার সাইলো, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট
- ১০) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১২) উপ-পরিচালক(তদন্ত ও মামলা/পিপিটি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা
- ১৪) ব্যবস্থাপক (সকল).....
- ১৫) সহকারী উপপরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৭) পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৮) অফিস/মাস্টার কপি